**Times Today BD**

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 28 June, 2025

চলতি বছর হজ পালন শেষে সৌদি আরব থেকে দেশে ফিরেছেন মোট ৫৬ হাজার ৭৪৮ জন বাংলাদেশি হজযাত্রী।ধর্ম মন্ত্রণালয়ের অধীনস্থ হজ অফিসের শনিবার (২৮ জুন) বুলেটিন থেকে এ তথ্য জানা গেছে।

বুলেটিনে বলা হয়, দেশে ফেরা হজযাত্রীদের মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ফিরেছেন ৫ হাজার ৭ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ফিরেছেন ৫১ হাজার ৭৪১ জন।

এ বছর হজযাত্রী পরিবহনে তিনটি বিমান সংস্থা যুক্ত ছিল—বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদি এয়ারলাইন্স এবং ফ্লাইনাস এয়ারলাইন্স। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ফিরিয়ে এনেছে সর্বাধিক ২৪ হাজার ৯৭২ জন হজযাত্রী। সৌদি এয়ারলাইন্স এনেছে ২৩ হাজার এবং ফ্লাইনাস ফিরিয়ে এনেছে ৮ হাজার ৭৭৬ জনকে।

হজযাত্রী পরিবহনে এ পর্যন্ত মোট ১৪৯টি ফিরতি ফ্লাইট পরিচালিত হয়েছে।এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স পরিচালনা করেছে ৬৬টি, সৌদি এয়ারলাইন্স ৬০টি এবং ফ্লাইনাস ২৩টি ফ্লাইট।

উল্লেখ্য, এ বছর হজযাত্রা শুরু হয় ২৯ এপ্রিল থেকে এবং শেষ ফ্লাইটটি সৌদি আরবের উদ্দেশে রওনা দেয় ৩১ মে।পবিত্র হজ পালিত হয় ৫ জুন।ফিরতি হজ ফ্লাইট চলবে আগামী ১০ জুলাই পর্যন্ত।

এদিকে, হজ পালনের সময় সৌদি আরবে ৩৯ জন বাংলাদেশি হজযাত্রী মৃত্যুবরণ করেছেন।

তাদের মধ্যে ২৮ জন পুরুষ ও ১১ জন নারী। হজ অফিসের বুলেটিনে বলা হয়েছে, মৃত্যুর প্রধান কারণ ছিল বার্ধক্যজনিত নানা জটিলতা ও অসুস্থতা।

সৌদি আরব হজযাত্রী ধর্ম মন্ত্রণালয় বাংলাদেশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:05

URL: https://www.timestodaybd.com/national/9394233833